কালের কণ্ঠ

তারিখ ২৯ OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষায় ৯৫ শতাংশ ফেল

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চলতি শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় ‘ডি’ ইউনিটের (ব্যবসায় শিক্ষা অনুষদ ও আইবিএ) অ-বাণিজ্য গ্রুপে (বিজ্ঞান ও মানবিক) ৯৫ শতাংশ পরীক্ষার্থী ফেল করেছে। প্রায় তিন হাজার ৮০০ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে মাত্র ১৯ জন। গতকাল শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ‘ডি’ ইউনিটের ফল প্রকাশ করা হয়।

অনুষদের প্রথম বর্ষ ভর্তি উপকমিটির সদস্য অধ্যাপক আমজাদ হোসেন বলেন, ‘এ বছর বাণিজ্য অনুষদে মোট ১৭ হাজার ৫২৮ জন শিক্ষার্থী আবেদন করে। এর মধ্যে প্রায় তিন হাজার ৮০০ জন ছিল অ-বাণিজ্য গ্রুপের। তবে অ-বাণিজ্য গ্রুপে মাত্র ১৯ জন ন্যূনতম ৪০ নম্বর পেয়ে পাস করেছে। তাই মৌখিক পরীক্ষার জন্য সেই ১৯ জনকেই ডাকা হয়েছে।’

ব্যবসায় শিক্ষা অনুষদ সূত্রে জানা যায়, ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষায় মোট ১০০ নম্বরের এমসিকিউ প্রশ্নের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পাস করার জন্য ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম নম্বর ৪০। বাণিজ্য গ্রুপে ইংরেজি, হিসাববিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও প্রয়োগ বিষয়ে পরীক্ষা দিতে হয়। আর অ-বাণিজ্য গ্রুপকে বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে পরীক্ষা দিতে হয়।

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজনেস স্টাডিজ অনুষদের অধিকর্তা এবং ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষার প্রধান সমন্বয়ক অধ্যাপক শিবলী সাদিক স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, ফল অনুযায়ী নির্বাচিত সাক্ষাৎকারদাতাদের আগামী ১২ নভেম্বরের মধ্যে বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। আগামী ১৫ নভেম্বর সকাল সাড়ে ১০টা থেকে তাদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।